



# BKMEA

Bangladesh Knitwear Manufacturers & Exporters Association

বিকেএমইএঃ ৭০০/নোটিস/২০২৬/০৩/০০৪২  
০৪ মার্চ ২০২৬ইং

## সম্মানিত সকল সদস্যের জন্য (যাহার জন্য প্রযোজ্য)

বিষয়ঃ সচল রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানের শ্রমিক-কর্মচারীদের ফেব্রুয়ারী'২০২৬ মাসের বেতন-ভাতা পরিশোধের জন্য ঋণ সুবিধা প্রদান বিষয়ক বাংলাদেশ ব্যাংকের সার্কুলার অবহিতকরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

বিকেএমইএ'র শুভেচ্ছা গ্রহণ করুন।

গত ০৩ মার্চ'২৬ তারিখে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয় থেকে “সচল রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানের শ্রমিক-কর্মচারীদের বেতন-ভাতা পরিশোধের জন্য ঋণ সুবিধা প্রসঙ্গে” বিষয়ক পত্র বিকেএমইএ'র হস্তগত হয়েছে। যার সূত্র নং-বিআরপিডি-০১ সার্কুলার লেটার নং-০৭।

পত্রে জানানো হয়েছে যে, সাম্প্রতিক সময়ে বৈশ্বিক ও অভ্যন্তরীণ অর্থনৈতিক প্রেক্ষাপটে ব্যবসায়িক পরিবেশ বিস্ত্রিত হওয়ার পাশাপাশি ধারাবাহিক নিম্নমুখী রপ্তানী, ক্রয়াআদেশ পিছিয়ে যাওয়া, তারল্য সংকট ইত্যাদি কারণে রপ্তানীমুখী শিল্প প্রতিষ্ঠানসমূহের উৎপাদন কার্যক্রম বাধাগ্রস্ত হচ্ছে। ফলশ্রুতিতে উক্ত শিল্প প্রতিষ্ঠানসমূহে শ্রমিক-কর্মচারীদের বেতন-ভাতা পরিশোধের সক্ষমতা হ্রাস পেয়েছে। রপ্তানিমুখী প্রতিষ্ঠানের রপ্তানির গতিধারা অব্যাহত রাখার লক্ষ্যে অর্থায়ন সহায়তা প্রদান করা হবে। তবে অর্থায়ন সুবিধা গ্রহণের ক্ষেত্রে ‘বাংলাদেশ ব্যাংকের সার্কুলার- বিআরপিডি-০১ সার্কুলার লেটার নং-০৭’ এ উল্লিখিত শর্তাবলী আবশ্যিকীয়ভাবে অনুসরণীয় হবে।

বাংলাদেশ ব্যাংকের সার্কুলার মোতাবেক বিকেএমইএ-থেকে প্রত্যয়ন পত্র গ্রহণের জন্য নিম্নোক্ত ডকুমেন্টসহ আবেদন করতে হবে:

- ১। প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাড-এ প্রত্যয়ন পত্রের জন্য বিকেএমইএ সভাপতি বরাবর আবেদন।
- ২। প্রতিষ্ঠানের মোট উৎপাদনের ন্যূনতম ৮০ শতাংশ রপ্তানি করেছে এবং তাদের শ্রমিক-কর্মচারীদেরকে বিগত তিন মাসের (নভেম্বর-২৫, ডিসেম্বর-২৫, জানুয়ারী'২৬) বেতন পরিশোধ করেছে; তারা কারখানা সচল ও রপ্তানীমুখী মর্মে স্ব-স্ব লিখেন ব্যাংক কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র।

উল্লিখিত অবস্থার প্রেক্ষিতে আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংযুক্তি আকারে পত্রটি প্রেরণ করা হল।

ধন্যবাদান্তে,

মোঃ মাহাবুবুর রহমান  
সচিব (ভারপ্রাপ্ত)  
বিকেএমইএ

সার্বিক যোগাযোগ:		
প্রধান কার্যালয়	ঢাকা কার্যালয়	চট্টগ্রাম কার্যালয়
মোহাম্মদ হোসেন মুন্না, যুগ্ম-সচিব ০১৭১১-৩৫০১২৮	সৈয়দ ওয়াহিদুজ্জামান সিনিয়র উপ-সচিব ০১৭১০-৩৪৯৪১৯	মোঃ আলতাফ উদ্দীন, সিনিয়র যুগ্ম-সচিব ০১৫৫৪-৩৪৫০১১

সংযুক্তি: বাংলাদেশ ব্যাংকের সার্কুলার (বিআরপিডি-০১ সার্কুলার লেটার নং-০৭; তারিখ ০৩ মার্চ ২০২৬)

**Head Office :** BKMEA Bhaban, Chasara, Narayanganj-1400, Bangladesh.

**Phone :** +880 2 224437646, **E-mail :** info@bkmea.com

**Dhaka Office :** Planners Tower (4th Floor), 13/A, Sonargaon Road, Banglamotor, Dhaka-1000, Bangladesh.

**Phone :** +880 2 223362257, **E-mail :** info@bkmea.com

**Chattogram Office :** S. Alam Center (3rd Floor) 58, Agrabad C/A, Chottogram, Bangladesh.

**Phone :** +88 02 333324342, +88 02 333324345, +02 333324726, **E-mail :** bkmeactg@bbs.net

**Log on :** www.bkmea.com